

# ঢাবি চারুকলা ইউনিটের আন্ডারগ্র্যাজুয়েট ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ছবি: কালের কঞ্চ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে

চারুকলা ইউনিটের আন্ডারগ্র্যাজুয়েট

প্রোগ্রামের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও

অঙ্কন) শনিবার (২৯ নভেম্বর ২০২৫) অনুষ্ঠিত

হয়েছে। ভর্তি পরীক্ষায় মোট ১৩০টি আসনের

বিপরীতে ৬ হাজার ৫২১ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী

অংশগ্রহণ করেন।

পরীক্ষা চলাকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান চারুকলা

অনুষদে অবস্থিত পরীক্ষা কেন্দ্র পরিদর্শন

করেন। এসময় তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন প্রো-

ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা

হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা)

অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ

অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী এবং

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড.

আজহারুল ইসলাম শেখ।

পরিদর্শন শেষে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ

আহমদ খান ভর্তি পরীক্ষা অত্যন্ত সুশৃঙ্খল ও

শান্তিপূর্ণভাবে সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ

করেন এবং অংশগ্রহণকারী শিক্ষার্থীদের

ভবিষ্যৎ সাফল্য কামনা করেন।